

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দান রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line -2

G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে ২০৩০ সালের মধ্যে MRT Line-2 বাস্তবায়নের নিমিত্ত PPP Research ও Preliminary Study করা হয়। এই Research ও Study পর্যালোচনা করে প্রকল্পটি G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে বাস্তবায়নের তালিকা হতে অবমুক্ত করে উন্নয়ন সহযোগী সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় ডিএমটিসিএল এর আওতায় সরকারি উদ্যোগে বাস্তবায়ন করার জন্য গত ২৩ জুন ২০২২ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত PPP প্রকল্পসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা সভায় পিপিপি তালিকা হতে প্রকল্পটি প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রস্তাবটি বাংলাদেশ-জাপান ৫ম যৌথ পিপিপি প্ল্যাটফর্ম সভায় উত্থাপনের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২২ আগস্ট ২০২২ তারিখ PPP কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করার প্রস্তাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাধ্যমে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর নিকট প্রেরণ করা হয়েছে।